গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
প্রশাসন শাখা-১
www.rdcd.gov.bd

স্মারক নং-৪৭.০০.০০০০.০৩১.০৬.০২৩.২৫-১১০৯

২৩ ভাদ্র ১৪৩৩
তারিখ: ----------
০৭ সেপ্টেম্বর ২০২৬

বিষয়: পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের এপ্রিল ২০২৬ হতে জুলাই ২০২৬ মাসের মাসিক সমন্বয় (অভ্যন্তরীণ) সভার কার্যবিবরণী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের এপ্রিল ২০২৬ হতে জুলাই ২০২৬ মাসের মাসিক সমন্বয় সভা গত ৩১ আগস্ট ২০২৬ তারিখ মঙ্গলবার পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে এ বিভাগের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। বর্ণিত সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

০৭/০৯/২০২৬

(মোঃ জাহিদুল ইসলাম)
উপসচিব
ফোন: +৮৮-০২-২২৩৩৫৫৫৭০
e-mail: admin1.section@rdcd.gov.bd

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা (প্রযোজ্য ক্ষেত্রে) গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. অতিরিক্ত সচিব (সকল), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০২. যুগ্মসচিব (সকল), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় (**মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য**);
০৪. উপসচিব (সকল), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৫. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় (**মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য**);
০৬. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (সিএএফও), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা;
০৭. সিনিয়র সহকারী সচিব (সকল), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০৮. সচিব মহোদয়ের একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (**সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য**);
০৯. সিস্টেম এনালিস্ট, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (**ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ**);
১০. প্রোগ্রামার, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১১. সহকারী সচিব (সকল), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১২. সহকারী প্রোগ্রামার, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১৩. সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১৪. হিসাবরক্ষণ কর্মকর্তা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১৫. অফিস/মাস্টার কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
(প্রশাসন শাখা-১)
www.rdcd.gov.bd



পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের এপ্রিল ২০২৬ হতে জুলাই ২০২৬ মাসের মাসিক সমন্বয় (অভ্যন্তরীণ) সভার কার্যবিবরণী

সভাপতি	:	ড. রফিকুল ই মোহামেদ সচিব পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
সভার তারিখ ও সময়	:	৩১ আগস্ট ২০২৬ মঙ্গলবার সকাল ১০:০০ ঘটিকা
সভার স্থান	:	পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সম্মেলন কক্ষ (ভবন নম্বর-৭, কক্ষ নম্বর-৬৩৩, বাংলাদেশ সচিবালয়)
সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা	:	পরিশিষ্ট 'ক'

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে যুগ্মসচিব (প্রশাসন ও বাজেট) গত ১৯ মে ২০২৬ তারিখে অনুষ্ঠিত ডিসেম্বর ২০২৫ হতে মার্চ ২০২৬ মাসের মাসিক সমন্বয় সভার সিদ্ধান্তসমূহ অবহিত করেন। বিগত সভার কার্যবিবরণীতে কোনো সংশোধন না থাকায় সর্বসম্মতিক্রমে উক্ত কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।

২.০ যুগ্মসচিব (প্রশাসন ও বাজেট) সভার আলোচ্যসূচি অনুযায়ী তথ্যাদি উপস্থাপন করেন এবং বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্র.নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
২.১	শূন্য পদ পূরণ: I. সরাসরি নিয়োগের মাধ্যমে	গত ০৩ জুলাই ২০২৬ তারিখে 'দৈনিক যুগান্তর' ও 'New Age' নামক দুটি জাতীয় দৈনিক পত্রিকায় পুনরায় নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। গত ০৮ আগস্ট ২০২৬ তারিখে আবেদন করার সময় অতিক্রম হয়েছে। সভাপতি মহোদয় দ্রুততম সময়ের মধ্যে নিয়োগ কার্যক্রম সম্পন্ন করতে নির্দেশনা প্রদান করেন।	দ্রুততম সময়ের মধ্যে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।	যুগ্মসচিব (প্রশাসন ও বাজেট), উপসচিব (প্রশাসন), এ বিভাগ
	II. পদোন্নতির মাধ্যমে	এ বিভাগের ২য় শ্রেণির 'প্রশাসনিক কর্মকর্তা'-এর ০১টি শূন্য পদে পদোন্নতি প্রদানের লক্ষ্যে বাংলাদেশ সরকারি কর্ম-কমিশন সচিবালয় হতে সুপারিশের আলোকে গত ০৮/০৭/২০২৬ তারিখে পদোন্নতি প্রদানপূর্বক প্রজ্ঞাপন জারি করা হয়েছে এবং ০১টি পদে সরাসরি নিয়োগের জন্য বাংলাদেশ কর্মকমিশনে পত্র প্রেরণ করা হয়েছে। বাংলাদেশ সরকারি কর্মকমিশন হতে সুপারিশ আসা মাত্রই পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন।	প্রশাসনিক কর্মকর্তা পদে সরাসরি নিয়োগের লক্ষ্যে বাংলাদেশ সরকারি কর্মকমিশন হতে সুপারিশ আসা মাত্রই পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	
২.২	সাংগঠনিক কাঠামো হালনাগাদ, পদ সৃজন ও আইন/ প্রবিধিমালা প্রণয়ন/ সংশোধন	এ বিভাগের সাংগঠনিক কাঠামোতে সচিব পদ এবং অন্যান্য ক্যাডার পদ সৃজনের লক্ষ্যে প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির অনুমোদন এবং মাননীয় প্রধানমন্ত্রীর অনুমোদনের পর পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।	জনপ্রশাসন মন্ত্রণালয় হতে পদ সৃজনের পৃষ্ঠাংকিত জি.ও আসা মাত্রই পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট), এ বিভাগ
২.৩	অডিট আপত্তি	ক) ভবিষ্যতে অডিট আপত্তি পরিহার করার লক্ষ্যে আর্থিক বিধি-বিধান সতর্কতার সাথে প্রতিপালন করা হচ্ছে মর্মে সভায় অবহিত করা হয়। খ) এ বিভাগের অডিট কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে গত ১৫/০৯/২০২৫ তারিখে ১ম তাগিদপত্র এবং ১২/০৫/২০২৬ তারিখে ২য় তাগিদপত্র মহাপরিচালক, স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন ও সমবায় অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়। এছাড়া ২০/০৪/২০২৬ ও ১৮/০৮/২০২৬ তারিখে যথাক্রমে পারফরমেন্স অডিট ও বিশেষ অডিট কার্যক্রম এবং কমপ্লায়েন্স অডিট সম্পাদনের লক্ষ্যে আগত অডিট টিমকে প্রয়োজনীয় তথ্যাদি সরবরাহ করা হয়।	ক) ভবিষ্যতে অডিট আপত্তি পরিহার করার লক্ষ্যে আর্থিক বিধি-বিধান সতর্কতার সাথে প্রতিপালন করতে হবে। খ) এ বিভাগের হালনাগাদ অডিট কার্যক্রম সম্পাদনের জন্য স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন অডিট অধিদপ্তরে যোগাযোগ করে দ্রুততম সময়ে হালনাগাদ অডিট কার্যক্রম সম্পাদন করতে হবে।	অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট) এবং উপসচিব (বাজেট), এ বিভাগ

ক্র.নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নক
২.৪	অনিষ্পন্ন বিষয়	পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সকল শাখা এবং অধীন দপ্তর/সংস্থার অনিষ্পন্ন বিষয় সংক্রান্ত তথ্য নির্ধারিত ছকে সঠিকভাবে উপস্থাপন করতে সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন।	পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সকল শাখা এবং অধীন দপ্তর/সংস্থার অনিষ্পন্ন বিষয় সংক্রান্ত তথ্য নির্ধারিত ছকে সঠিকভাবে উপস্থাপন করতে হবে।	অনুবিভাগ/ অধিশাখা/ শাখা, এ বিভাগ
২.৫	শাখা পরিদর্শন	পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের অনুবিভাগ/অধিশাখা/শাখার প্রধানগণকে সচিবালয় নির্দেশমালা-২০২৪ অনুযায়ী নিয়মিতভাবে শাখা পরিদর্শন করে প্রতিবেদন দাখিল করতে সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন।	পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের অনুবিভাগ/অধিশাখা/ শাখার প্রধানগণকে সচিবালয় নির্দেশমালা-২০২৪ অনুযায়ী নিয়মিতভাবে শাখা পরিদর্শন করে প্রতিবেদন দাখিল করতে হবে।	অনুবিভাগ/ অধিশাখা/ শাখা, এ বিভাগ
২.৬	ডি-নথি কার্যক্রম	পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের নথির কার্যক্রম ইতোমধ্যে ডি-নথিতে নিষ্পন্ন করা হচ্ছে। এ বিভাগের শাখাভিত্তিক অর্জনের বিস্তারিত তথ্য সভায় নিয়মিত উপস্থাপন এবং অর্জন কমপক্ষে ৮০% করতে সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন।	ক) পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সকল শাখার নথির কার্যক্রম কমপক্ষে ৮০% ডি-নথিতে নিষ্পন্ন করতে হবে। খ) ডি-নথির নিষ্পন্নের হার প্রতি সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।	অনুবিভাগ, অধিশাখা, শাখা (সকল) এবং সিস্টেম এনালিস্ট, এ বিভাগ
২.৭	অভ্যন্তরীণ প্রশিক্ষণ	২০২৬-২০২৭ অর্থবছরের জন্য প্রস্তুতকৃত ক্যালেন্ডার অনুযায়ী প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। সভাপতি মহোদয় নির্ধারিত সময়ের মধ্যে প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন করতে নির্দেশনা প্রদান করেন।	২০২৬-২০২৭ অর্থবছরের জন্য প্রস্তুতকৃত বার্ষিক ক্যালেন্ডার অনুযায়ী প্রশিক্ষণ কার্যক্রম নির্ধারিত সময়ে সম্পন্ন করতে হবে।	উপসচিব (প্রশাসন) এ বিভাগ
২.৮	ক. বিভাগীয় মামলা	পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে ০৩ টি বিভাগীয় মামলা রয়েছে। উক্ত ০৩টি বিভাগীয় মামলার মধ্যে বিভাগীয় মামলা নং-০৩/২০২৩ সংক্রান্ত তদন্ত প্রতিবেদন প্রেরণের জন্য তদন্তকারী কর্মকর্তাকে গত ২৩/০৬/২০২৬ তারিখে তাগিদ পত্র দেয়া হয়েছে। তদন্তকারী কর্মকর্তাকে পুনরায় তাগিদপত্র প্রদান এবং বিভাগীয় মামলা নম্বর ০১/২০২৬ এর বিষয়ে অপর তদন্তকারী কর্মকর্তাকে তদন্তকার্য দ্রুততম সময়ের মধ্যে নিষ্পন্ন করতে সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন।	তদন্তকারী কর্মকর্তাদ্বয়কে পুনরায় তাগিদ পত্র প্রেরণ করতে হবে।	উপসচিব (প্রশাসন) এ বিভাগ
	খ. সিভিল মামলা	এ বিভাগের অধীন দপ্তর/সংস্থা/প্রকল্পের বিগত এপ্রিল ২০২৬ হতে জুলাই ২০২৬ মাস পর্যন্ত সর্বমোট ০৭ (সাত) টি সিভিল পিটিশন মামলা দায়ের করা হয়েছে। এর মধ্যে কোন সিভিল পিটিশন মামলা নিষ্পত্তি হয়নি।	এ বিভাগের প্রত্যেক দপ্তর/সংস্থাকে নির্ধারিত ছক অনুযায়ী সিভিল মামলার হালনাগাদ তথ্য আলাদাভাবে প্রেরণ করতে হবে।	অতিরিক্ত সচিব (আইন ও প্রতিষ্ঠান), সিনিয়র সহকারী সচিব (আইন), এ বিভাগ এবং সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা
	গ. রিট পিটিশন	এ বিভাগের অধীন দপ্তর/সংস্থা/প্রকল্পের বিগত বিগত এপ্রিল ২০২৬ হতে জুলাই ২০২৬ মাস পর্যন্ত সর্বমোট ৩৬ (ছত্রিশ) টি রিট পিটিশন মামলা দায়ের করা হয়েছে। তার মধ্যে সমবায় অধিদপ্তর-এর ০১ (এক) টি, বিআরডিবি-এর ০১ (এক) টি এবং আরডিএ, বগুড়া'র ০২ (দুই)টি রিট পিটিশন মামলা নিষ্পত্তি করা হয়েছে।	এ বিভাগের প্রত্যেক দপ্তর/সংস্থাকে নির্ধারিত ছক অনুযায়ী রিট পিটিশন মামলার হালনাগাদ তথ্য আলাদাভাবে প্রেরণ করতে হবে।	
	ঘ. কনটেম্পট মামলা/ জনগুরুত্বপূর্ণ মামলা	এ বিভাগের অধীন দপ্তর/সংস্থা/প্রকল্পের বিগত এপ্রিল ২০২৬ হতে জুলাই ২০২৬ মাস পর্যন্ত সর্বমোট ০২ (দুই) টি কনটেম্পট মামলা/জনগুরুত্বপূর্ণ মামলা দায়ের করা হয়েছে। তার মধ্যে বিগত ০৪ (চার) মাসে কোনো মামলা নিষ্পত্তি করা হয়নি।	(ক) এ বিভাগের প্রত্যেক দপ্তর/সংস্থাকে নির্ধারিত ছক অনুযায়ী কনটেম্পট মামলা/জনগুরুত্বপূর্ণ মামলার হালনাগাদ তথ্য আলাদাভাবে প্রেরণ করতে হবে। (খ) আগামী ০১ (এক) মাসের মধ্যে কনটেম্পট মামলায় আপডেট তথ্য সচিব মহোদয়ের নিকট উপস্থাপন করতে হবে।	

ক্র.ন	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
২.৯	Integrated Digital Service Delivery Platform (IDSDP) System	(ক) এ বিভাগের সিস্টেম এনালিষ্ট বলেন যে, সচিব মহোদয়ের সভাপতিত্বে GEMS এর কারিগরি কমিটির সাথে সভা হয়েছে। সভার সিদ্ধান্ত মোতাবেক জনপ্রশাসন মন্ত্রণালয়ে টেষ্টিং এর জন্য তথ্য প্রদান করা হয়েছে। জনপ্রশাসন মন্ত্রণালয়ের GEMS এর কারিগরি কার্যক্রম শেষ হলে ডাটা মাইগ্রেশন করা হবে। (খ) ToT প্রশিক্ষণ শেষে এখন পর্যন্ত অনেক দপ্তর/সংস্থা সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান করে নাই। ফলে কার্যক্রম বাস্তবায়ন হচ্ছে না। দপ্তর/সংস্থার প্রধানগণ সভাকে জানাতে পারে।	ক) সকল দপ্তর/সংস্থার পদোন্নতি, বদলিসহ সকল কার্যক্রম HRM System এ করতে হবে। পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের HRM System এর তথ্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের GEMS এ মাইগ্রেশন করা হবে। খ) এ বিভাগের অধীন সকল দপ্তর/সংস্থাকে দ্রুত প্রশিক্ষণ শেষ করতে হবে।	অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট), সিস্টেম এনালিস্ট, এ বিভাগ এবং সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা (প্রধান)
২.১০	প্রতিবেদন দাখিল	বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের সভায় যোগদান শেষে এ বিভাগের প্রশাসন শাখা-১ কর্তৃক প্রস্তুতকৃত নির্ধারিত ছক মোতাবেক প্রতিবেদন দাখিল করতে সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন।।	বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের সভায় যোগদান শেষে এ বিভাগের প্রশাসন শাখা-১ কর্তৃক প্রস্তুতকৃত নির্ধারিত ছক মোতাবেক প্রতিবেদন দাখিল করতে হবে।	সকল কর্মকর্তা, এ বিভাগ
২.১১	আন্তর্জাতিক সংস্থা	(ক) CIRDAP-সহ অন্যান্য বিদেশী (AARDO, NEDAC, ICA) সংস্থার বিভিন্ন বিষয়ের উপর প্রশিক্ষণে এ বিভাগ এবং অধীন দপ্তর/সংস্থা হতে কর্মকর্তা-কে মনোনয়ন প্রদান করা হচ্ছে মর্মে সভাকে অবহিত করা হয়। খ) পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের ২০২৬-২৭ অর্থবছরে CIRDAP-এর GC ও EC সভার জন্য ১০৮.০০ লক্ষ টাকা বরাদ্দ রাখা হয়েছে। কিন্তু এখন পর্যন্ত CIRDAP-এর GC ও EC সভার তারিখ চূড়ান্ত করা হয়নি। (গ) বাংলাদেশে ২০২৬-২৭ অর্থবছরের অক্টোবর মাসে AARDO এর Technical Programme Committee (TPC) সভা ৫(পাঁচ) দিনব্যাপী আয়োজনের নিমিত্ত অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় হতে এ বিভাগের অনুকূলে ৩২৫৭৩০১-অনুষ্ঠান/উৎসবাদি কোডে ১,৮৭,০০,০০০/ (এক কোটি সাতাশি লক্ষ) টাকার বরাদ্দ পাওয়া গেছে। তারিখ চূড়ান্ত করার জন্য AARDO সচিবালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। অদ্যাবধি উত্তর পাওয়া যায়নি।	(ক) CIRDAP-সহ অন্যান্য বিদেশী (AARDO, NEDAC, ICA) সংস্থার বিভিন্ন বিষয়ের উপর প্রশিক্ষণে এ বিভাগ এবং অধীন দপ্তর/সংস্থা হতে কর্মকর্তা মনোনয়নের ধারাবাহিকতা ধরে রাখতে হবে। খ) CIRDAP-এর GC ও EC সভার তারিখ চূড়ান্তকরণের লক্ষ্যে প্রধানমন্ত্রীর কার্যালয়ে যোগাযোগ করতে হবে। গ) বাংলাদেশে ২০২৬-২৭ অর্থবছরের অক্টোবর মাসে AARDO এর Technical Programme Committee (TPC) সভা ৫(পাঁচ) দিনব্যাপী আয়োজনের সকল উদ্যোগ গ্রহণ করতে হবে।	অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট), এ বিভাগ
২.১২	বিবিধ	পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সকল অফিস কক্ষ পরিস্কার-পরিচ্ছন্ন রাখা ও বিদ্যুতের অপচয় রোধকল্পে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশাবলী অনুসরণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	অফিস কক্ষ পরিস্কার-পরিচ্ছন্ন রাখা এবং বিদ্যুতের অপচয় রোধকল্পে নিজ উদ্যোগে ব্যবস্থা গ্রহণ করতে হবে।	সকল কর্মকর্তা, এ বিভাগ
		এ বিভাগের কর্মকর্তা/কর্মচারীদের যথাসময়ে অফিস আগমন ও প্রস্থান নিশ্চিতকল্পে স্থাপিত ডিজিটাল হাজিরা মেশিনে নিজ নিজ উপস্থিতি নিশ্চিত করতে আলোচনা করা হয়।	নির্ধারিত সময়ে অফিসে আগমন এবং প্রস্থানের সময় ডিজিটাল হাজিরা মেশিনে হাজিরা দিতে হবে।	সকল কর্মকর্তা, এ বিভাগ
		এ বিভাগের হিসাব শাখার ক্যাশ বহি আপডেট নেই মর্মে উপসচিব (বাজেট) সভাকে অবহিত করেন।	আগামী ০১ (এক) মাসের মধ্যে আপডেট করতে হবে।	হিসাবরক্ষণ কর্মকর্তা, এ বিভাগ

৩.০ অতঃপর সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ড. রফিকুল ই মোহামেদ)

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ